# বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

তারিখ: ২৮ জুলাই ২০২৫

## বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৫'-এ অন্তর্ভুক্তির জন্য বাসস'র তথ্যাদি/পরিসংখ্যানসহ প্রতিবেদনঃ

**ভূমিকা:** ঢাকাস্থ দি এসোসিয়েটেড প্রেস অব পাকিস্তান (এপিপি)র আঞ্চলিক কার্যালয়-কে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১/৭২ সাচিবিক প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) নামে নামকরণ করা হয়। ১৯৭৯ সালের ২০ নং অধ্যাদেশ এর মাধ্যমে বাসস-কে একটি জাতীয় সংবাদ সংস্থা হিসেবে ''বিধিবদ্ধ'' (বডি কর্পোরেট) সংস্থায় রূপান্তর করা হয় এবং এর ব্যবস্থাপনা ১১ সদস্য বিশিষ্ট পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত হয়। ১৪/১১/২০১৮ তারিখে বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৫ নং আইন) প্রণীত হয় এবং তা গেজেটে প্রকাশিত হয়। বর্তমানে সংস্থাটির পরিচালনা ও প্রশাসন ১৩ সদস্য বিশিস্ট পরিচালনা বোর্ড দ্বারা পরিচালিত হচ্ছে।

**বাসস আইন, ২০১৮ অনুযায়ী বাসস'র দায়িত্ব ও কার্যাবলি:**

(ক) আন্তর্জাতিক সংস্থাসহ দেশ-বিদেশের সংবাদ সংগ্রহ করিয়া গণমাধ্যমের সাহায্যে উহা বাংলাদেশসহ সমগ্র বিশ্বের জনগণের নিকট প্রচার;

(খ) জাতীয় সংবাদ বহির্বিশ্বে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থা হিসাবে দায়িত্ব পালন;

(গ) সমগ্র বিশ্বে রাজনৈতিক, কূটনৈতিক, অর্থনৈতিক, বানিজ্যিক, প্রযুক্তিগত, সংস্কৃতিক ও ক্রীড়া ক্ষেত্রে সকল সংবাদ সংগ্রহ ও বিনিময়;

(ঘ) সংবাদ সংগ্রহ ও বিনিময়ের কাজে নিয়োজিত ব্যক্তিগণের প্রশিক্ষণের জন্য দেশিয় বা বৈদেশিক গণমাধ্যম বা বার্তা সংস্থার সহিত চুক্তি সম্পাদন;

(ঙ) দেশে বা দেশের বাহিরের গণমাধ্যম বা বার্তা সংস্থার সকল সংবাদ, ফিচার, ছবি বা ভিডিও চিত্র ক্রয়-বিক্রয়;

(চ) সংস্থার সার্বিক উন্নয়ন ও আধুনিকায়নে কর্মসূচি গ্রহণ;

(ছ) সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড জনগণকে অবহিত করিবার উদ্দেশ্যে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), তথ্য অধিদপ্তর (পিআইডি) এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার কার্যক্রমের সহিত সমন্বয় সাধন; এবং

(জ) উপরিউক্ত দায়িত্ব ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য কার্যাদি সম্পাদন।

বাসস দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে মফস্বল সংবাদদাতা এবং বাসস'র প্রধান কার্যালয়ে কর্মরত সাংবাদিকগণ মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয় এবং বিভিন্ন মন্ত্রণালয় এবং বেসরকারী সংস্থার কর্মকান্ড ও উন্নয়নমূলক কার্যক্রমের সংবাদসহ সকল ধরনের সংবাদ তাৎক্ষনিকভাবে সংগ্রহ করে যথাযথ সম্পাদনা করার পর গ্রাহক গণমাধ্যম এবং নিজস্ব ওয়েব পোর্টালের সাহায্যে জনগণের নিকট প্রচার করে থাকে।

এছাড়াও বিভিন্ন আন্তর্জাতিক বার্তা সংস্থার সাথে সংবাদ বিনিময় চুক্তির আওতায় আন্তর্জাতিক সংবাদ সংগ্রহ করে দেশের প্রায় সকল সংবাদপত্র ও ইলেকট্রনিক গণমাধ্যমের সাহায্যে প্রকাশ/প্রচার করে যাচ্ছে। পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমেও বাসস সংবাদ প্রচার করে যাচ্ছে। বাসস বর্তমানে বাংলা ও ইংরেজি উভয় ভাষায় বছরে এক লাখের অধিক সংবাদ প্রচার করে থাকে। বাংলাদেশের সাথে বহিঃবিশ্বের সংযোগের ক্ষেত্রে বাসস একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কাজ করছে।

**বাসস কর্তৃক গৃহিত ও বাস্তবায়িত কার্যক্রমের তথ্যাদি :-**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিষয়</th><th>কার্যক্রম, কর্মসূচি ও প্রকৃত অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>(ক)</td><td>২০১০-১১ হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত লক্ষ্যমাত্রা ও বিভিন্ন কার্যক্রম/কর্মসূচি এবং প্রকৃত অগ্রগতির (হ্রাস/বৃদ্ধির) তুলনামূলক পরিসংখ্যান, তথ্য ও বিবরণ:</td><td>বাসস'র বিগত বছরগুলোতে সংবাদ সংগ্রহ ও বিতরণ কার্যক্রমের অগ্রগতি (হ্রাস/বৃদ্ধি) তুলনামূলক পরিসংখ্যান, তথ্য ও বিবরণ নিম্নে দেয়া হলো:-
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>অর্থবছর</th><th>সংবাদ পরিবেশনের লক্ষমাত্রা</th><th>মোট অর্জন</th><th>মোট লক্ষ্যের অগ্রগতি (%)</th></tr>
<tr><td>০১.</td><td>২০১০-১১</td><td>১,০২,০০০</td><td>১,০২,৫২৬</td><td>১০০.৫১%</td></tr>
<tr><td>০২.</td><td>২০১১-১২</td><td>১,০৫,০০০</td><td>১,০৫,৬৫৪</td><td>১০০.৬২%</td></tr>
<tr><td>০৩.</td><td>২০১২-১৩</td><td>১,০১,০০০</td><td>১,০০,৬৯৫</td><td>৯৯.৬৯%</td></tr>
<tr><td>০৪.</td><td>২০১৩-১৪</td><td>১,০৭,০০০</td><td>১,০৭,৩২০</td><td>১০০.২৯%</td></tr>
<tr><td>০৫.</td><td>২০১৪-১৫</td><td>১,০৯,০০০</td><td>১,০৯,৫৩৪</td><td>১০০.৪৮%</td></tr>
<tr><td>০৬.</td><td>২০১৫-১৬</td><td>১,১১,০০০</td><td>১,১১,৭৩০</td><td>১০০.৬৫%</td></tr>
<tr><td>০৭.</td><td>২০১৬-১৭</td><td>১,১৫,০০০</td><td>১,০২,৭৯৪</td><td>৮৯.৩৮%</td></tr>
<tr><td>০৮.</td><td>২০১৭-১৮</td><td>১,০৫,০০০</td><td>১,২৮,২৭২</td><td>১২২.১৬%</td></tr>
<tr><td>০৯.</td><td>২০১৮-১৯</td><td>১,১০,০০০</td><td>১,১০,৯৪৪</td><td>১০০.৮৫%</td></tr>
<tr><td>১০.</td><td>২০১৯-২০</td><td>১,১১,০০০</td><td>১,১২,০২০</td><td>১০০.৯২%</td></tr>
<tr><td>১১.</td><td>২০২০-২১</td><td>১,১১,০০০</td><td>১,১৭,৬০৮</td><td>১০৫.৯৫%</td></tr>
<tr><td>১২.</td><td>২০২১-২২</td><td>১,১২,০০০</td><td>১,১৫,৭৬২</td><td>১০৩.৩৫%</td></tr>
<tr><td>১৩.</td><td>২০২২-২৩</td><td>১,১২,০০০</td><td>১,১২,২১৯</td><td>১০০.২০%</td></tr>
<tr><td>১৪.</td><td>২০২৩-২৪</td><td>১,১২,০০০</td><td>১,১৫,৬৯৬</td><td>১০৩.৩০%</td></tr>
<tr><td>১৫.</td><td>২০২৪-২৫</td><td>১,১২,০০০</td><td>১,৩২,৮৬২</td><td>১১৮.৬২%</td></tr>
</table></td><td></td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিষয়</th><th>কার্যক্রম, কর্মসূচি ও প্রকৃত অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>(খ)</td><td>২০২৪-২৫ অর্থবছরের বিভিন্ন কার্যক্রম/কর্মসূচির লক্ষ্য ও সর্বশেষ অর্জিত অগ্রগতির (হ্রাস/বৃদ্ধির) তুলনামূলক পরিসংখ্যান, তথ্য ও বিবরণ:</td><td>বাসস'র ২০২৪-২৫ অর্থবছরের সংবাদ সংগ্রহ ও বিতরণ কার্যক্রমের অগ্রগতি (হ্রাস/বৃদ্ধি) তুলনামূলক পরিসংখ্যান, তথ্য ও বিবরণ নিম্নে দেয়া হলো:-
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>অর্থবছর</th><th>সংবাদ পরিবেশনের লক্ষমাত্রা</th><th>মোট অর্জন</th><th>মোট লক্ষ্যের অগ্রগতি (%)</th></tr>
<tr><td>০১.</td><td>২০২৪-২৫</td><td>১,১২,০০০</td><td>১,৩২,৮৬২</td><td>১১৮.৬২%</td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>(গ)</td><td>সাম্প্রতিককালে গৃহীত আর্থিক সংস্কার/নীতি এবং সুশাসন সংক্রান্ত কার্যক্রমের (২০২৪-২৫ অর্থবছরের) বিশদ বিবরণ:</td><td>আর্থিক সংস্কার/নীতি এবং সুশাসন সংক্রান্ত কার্যক্রমের সাথে বাসস'র সম্পৃক্ততা না থাকায় প্রযোজ্য নয়।</td><td></td></tr>
<tr><td>(ঘ)</td><td>দারিদ্র বিমোচন, ক্ষুদ্র ঋণ ও বেসরকারিকরণ বিষয়ে গৃহীত/প্রণীতব্য কার্যক্রম থাকলে তার বিবরণ:</td><td>দারিদ্র বিমোচন, ক্ষুদ্র ঋণ সংক্রান্ত কার্যক্রমের সাথে বাসস'র সম্পৃক্ততা না থাকায় প্রযোজ্য নয়।</td><td></td></tr>
<tr><td>(ঙ)</td><td>তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসারের জন্য ইতোমধ্যে গৃহীত ও গৃহীতব্য কার্যক্রমের বিশদ বিবরণ:</td><td>১. বাসস'র আইসিটি সিস্টেম শক্তিশালীকরণ শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন :<br>বাসস'র পুরাতন কম্পিউটার পদ্ধতিকে আরো যুগোপযোগি ও আধুনিকায়নের লক্ষ্যে বাসস নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করেছে:-<br>১. নিজস্ব ডাটা সেন্টার তৈরি, ল্যান সেটআপ ও ওয়াইফাই জোন তৈরি;<br>২. সার্ভার, রাউটার, সুইচ ও ক্ষুদ্র যন্ত্রাংশ স্থাপন;<br>৩. আইপি পিএবিএক্স ব্যবস্থা চালু ;<br>৪. ইন্টারনেট ব্যান্ডউইথ, সফটওয়ার সার্ভিস, এপ্লিকেশন সার্ভিস চালু;<br>৫. বৈদ্যুতিক সরঞ্জাম (২টি অন-লাইন ইউপিএস এবং ৩০০ কেভিএ ডিজেল ইঞ্জিন জেনারেটর) ক্রয় ও স্থাপন;<br>২. বায়োমেট্রিক এবং সিসিটিভি সার্ভিলিয়েন্স সিস্টেম চালুকরণ;<br>৩. অডিও ভিজ্যুয়াল প্রকল্প বাস্তবায়নঃ<br>২০১৮-২০১৯ অর্থবছর থেকে সংস্থার অডিওভিজ্যুয়াল প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করা হয়। বর্তমানে ৪৪ কোটি ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে।<br>প্রকল্পের আওতায় মূল কার্যক্রমসমূহ নিম্নরূপ:-<br>১. সংবাদ কক্ষ ও নিউজ স্টুডিও তৈরি (এ্যাকোস্টিক কাজসহ);<br>২. ৩টি ক্যামেরা সহযোগে স্টুডিওর জন্য ৪ লাইনের প্রোডাকশন কন্ট্রোল রুম তৈরি;<br>৩. নিউজ রুমে মিডিয়া সার্ভার ও এনআরসিএসসহ সংবাদ কক্ষের কম্পিউটার সিস্টেম তৈরি;<br>৪. বিভিন্ন ইভেন্টের সংবাদ সংগ্রহ করার জন্য ২৫টি ইএনজি ক্যামেরা ও খুচরা যন্ত্রাংশসহ নিউজ গ্যাদারিং সিস্টেম তৈরি;<br>৫. স্টুডিও'র জন্য প্লাজমা এবং আনুষঙ্গিক যন্ত্রাংশ ক্রয় ও স্থাপন;<br>৬. অডিওভিজ্যুয়াল সার্ভিসের জন্য ভিডিও সার্ভার ও নেটওয়ার্ক স্টোরেজ ক্রয় ও স্থাপন;<br>৭. নিউজ স্টুডিওর জন্য ভিডিও ওয়াল ক্রয় ও স্থাপন;<br>৮. সরাসরি ভিডিও সংবাদ প্রচরের জন্য লাইভ ব্রডকাস্ট ট্রান্সমিটার ক্রয় ও স্থাপন;<br>৯. অডিওভিজ্যুয়াল নিউজ সার্ভিসের জন্য অফ-লাইন ও অন-লাইন গ্রাফিক সিস্টেম, আর্কাইভিং সিস্টেম তৈরি;<br>১০. বাসস'র ভিডিওনিউজ প্রচারের জন্য ২টি এলইডি ডিসপ্লে মনিটর ক্রয় ও স্থাপন।</td><td></td></tr>
<tr><td>(চ)</td><td>জলবায়ু পরিবর্তন এবং দুযোগ ব্যবস্থাপনা সম্পর্কিত হালনাগাদ তথ্যসহ পরিবেশ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়াদি:</td><td>বাসস জলবায়ু পরিবর্তন এবং দুযোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সংবাদ সংগ্রহ করে প্রচার করে।</td><td></td></tr>
<tr><td>(ছ)</td><td>টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) লক্ষ্য বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের (২০২৪-২৫ অর্থবছরের) বিশদ বিবরণ:</td><td>বাসস টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বিষয়ক সংবাদ সংগ্রহ করে প্রচার করে।</td><td></td></tr>
</table>

২৫/৯/২৫

**মাহবুব মোর্শেদ**
ব্যবস্থাপনা পরিচালক
ও প্রধান সম্পাদক

| SL No. | Subject | Activities, programs and actual progress | Remarks |
|---|---|---|---|
| F. | Various environmental issues, including updated information on climate change and disaster management: | BSS collects and disseminates news on climate change and disaster management. | |
| G. | Details of activities related to the implementation of Sustainable Development Goals (SDG) (fiscal year 2024-25): | BSS collects and disseminates news on the Sustainable Development Goals (SDGs). | |

**Mahub Morshed**
Managing Director
and Chief Editor